# উপজেলা পরিষদ কার্যালয়
## বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

**বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদের জুলাই, ২০২৪ মাসের মাসিক সভার কার্য বিবরনী**

সভাপতি : জনাব মো: সফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১০/০৭/২০২৪খ্রি:
সময় : দুপুর ১১:৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আলোচ্যসুচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হলে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১। পূর্ববর্তী সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন**

উপজেলা নির্বাহী অফিসার গত ২৪/০৬/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরনী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

**১। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা:**

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহবান জানালে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :** সহকারি প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সভায় জানান যে, সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে কিছু কিছু দপ্তরের তথ্য আপলোড করা এখনও বাকি রয়েছে সে সকল তথ্য হাল-নাগাদ করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান। | সহকারি প্রোগ্রামার কে নিয়মিত ওয়েব পোর্টাল হাল নাগাদ করার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ০২ | **স্বাস্থ্য ও প: প: বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালে কিছু ফ্যান নষ্ট হওয়ায় রোগীদের প্রচন্ড গরমে থাকতে সমস্যা হচ্ছে তাই উপজেলা পরিষদ থেকে কিছু সেলিং ফ্যান ও এলইডি লাইট সরবরাহ করা হলে হাসপাতালের রোগীদের কষ্ট লাঘব হত। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল/উন্নয়ন তহবিল হতে সেলিং ফ্যান ও এলইডি লাইট সরবরাহ করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপ:স্বাস্থ্য ও প.প. অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী, বালিয়াডাঙ্গী |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস :** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আমন মৌসুম শুরু হতে যাচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম চলমান রাখার জন্য বলেন। | ১.উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | **উপজেলা প্রকৌশল দপ্তর :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এডিপি প্রকল্প কাজ শেষ পর্যায়ে। অন্যান্য সকল উন্নয়ণমূলক কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে,উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের গাড়ী রাখার গ্যারেজ নাই রাত্রী বেলায় যেখানে সেখানে গাড়ীটি রাখা হয় এতে করে সরকারি গাড়ীর নিরাপত্তা নেই বলে মনে করেন । দ্রুত একটি গ্যারেজ নির্মাণ করা প্রয়োজন।উক্ত গ্যারেজটি নির্মাণ করতে আনুমানিক সম্ভ্যাব্য ২,০০,০০০/-টাকা ব্যয় হতে পারে।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, নভেম্বর ২০১৪ এর উপজেলা পরিষদ বাসাবাড়ী খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ সভাকক্ষের সাউন্ড সিস্টেম মেরামত/ক্রয়, শীট প্ল্যান ও একটি দরজা স্থাপন করা জরুরী প্রয়োজন। উক্ত মেরামত কাজটি সম্পূর্ণ করতে আনুমানিক ১,৫০,০০০/-টাকা ব্যয় হতে পারে।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, নভেম্বর ২০১৪ এর উপজেলা পরিষদ বাসাবাড়ী খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো।<br>ভাইস চেয়ারম্যান জনাব মো: মোমিনুল ইসলাম সভায় জানান যে, বালিয়াডাঙ্গী চৌরাস্তা বাজারের ড্রেনগুলি বর্জ্য দিয়ে ভরে গেছে একটু বৃষ্টি হলেই বালিয়াডাঙ্গী বাজারে হাটু পানি জমে থাকে দ্রুত ড্রেণগুলি মেরামত করা প্রয়োজন। এই ড্রেণ পরিস্কার ও মেরামত করতে আনুমানিক ৩,৫০,০০০/-টাকা ব্যয় হতে পারে।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, নভেম্বর ২০১৪ এর আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো। | | ১. উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত আছে বলে জানান। বর্তমানে লাম্পি স্কিন ডিজিজ ভাইরাস জনিত রোগ। টিকা দেওয়া হলে এ রোগ হতে প্রতিকার পাওয়া যায়। তিনি আরো জানান যে, গরু, ছাগলের রোগ হলে পল্লী চিকিৎসকের কাছে না গিয়ে সরাসরি অফিসে যোগাযোগ করবেন। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজ ভাইরাস জনিত রোগের বিষয়ে জনগনকে সর্তক করতে হবে। | ১.প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | **জনস্বাস্থ্য বিভাগ :** সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.সহ:প্র: জনস্বাস্থ্য<br>২. চেয়ারম্যান (সকল) ইউপি |
| ০৮ | **দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.উ.নির্বাহী অ.<br>২.উ. প্র: বা: ক. |
| ০৯ | **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উপজেলা প:প: অফিসার |
| ১০ | **প্রাথমিক শিক্ষা :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উ. শিক্ষা অ. |
| ১১ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, উচ্চ মাধ্যমিক/মাদরাসা ও কারিগরী কোর্সে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে সকলের সহযোগিতায় পরীক্ষা ভালভাবে চলছে। | এইচএসি, মাদরাসা ও কারিগরী বোর্ডের পরীক্ষা যাতে করে সুষ্ঠভাবে সম্পন্ন হয় সে বিষয়ে সর্তক থাকার জন্য বলা হলো। | ১.উপজেলা মাধ্য শিক্ষা অফিসার |
| ১২ | **সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। যারা ভাতাভোগী তাদেরকে সরাসরি উপস্থিত হয়ে লাইভ ভেরিভিকেশনে উপস্থিত হতে হবে। তা না হলে তার ভাতা কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে। | সকল ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে স্ব স্ব ইউনিয়ন পরিষদে ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করবেন। | ১.উ: সমাজসেবা অফিসার<br>২. চেয়ারম্যান (সকল) ইউপি |
| ১৩ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: সমবায় অফিসার |
| ১৪ | **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: যুব উন্নয়ন অফিসার |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | ১. উ. নির্বাহী অ<br>২.উ. পল্লী উ. অ |
| ১৬ | **মহিলা বিষয়ক দপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | ১) উ: ম. বি:অ. |
| ১৭ | **খাদ্য বিভাগ :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | ১.খাদ্য নিয়ন্ত্রক, |
| ১৭ | **বন বিভাগ :** ফরেষ্টার, বন বিভাগ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | বন বিভাগ বালিয়াডাংগী |
| ১৮ | **নির্বাচন বিভাগ :** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। জেলা পরিষদ সাধারন সদস্য পদে নির্বাচন ছিল । একের অধিক প্রার্থী না থাকায় একজন প্রার্থীকে বে সরকারি ভাবে ঘোষণা করা হয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১)নির্বাচন অফিসার |
| ১৯ | **পরিসংখ্যান অফিস :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.পরিসংখ্যান অফিসার |
| ২০ | **সেটেলমেন্ট অফিস :** সহকারি সেটেলমেন্ট অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | সে:অফিসার বালিয়াডাংগী |
| ২১ | **আনসার ভিডিপি অফিস :** উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য বলা হলো। | উ: আনসার ভিডিপি |
| ২২ | **স্যানেটারী ইন্সপেক্টর :** স্যানেটারী ইন্সপেক্টর প্রতিনিধি সভায় উপস্থিত । তিনি জানান যে, তার দপ্তরের কাজ চলমান আছে । | হাট বাজার গুলোতে নিয়মিত অভিযান পরিচালানর জন্য বলা হলো। | ১)স্যানেটারী ইন্সপেক্টর, বালিয়াডাঙ্গী |
| ২৩ | **পল্লী বিদ্যুৎ :** ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | ডিজিএম,পল্লীবিদ্যুৎ |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প :** ইউডিএফ সভায় জানান যে, বালিয়াডাঙ্গী উপজেলার প্রধান প্রধান সড়কে সোলার লাইট স্থাপন প্রকল্প কাজটি ইতিমধ্যে সুষ্ঠভাবে সম্পূর্ণ হয়েছে এবং ১৯টি বিদ্যালয়ে অল ইন ওয়ান কম্পিউটার পিসি সরবরাহ করা হয়েছে। সোলার লাইটগুলো ঠিকমত জ্বলছে কিনা তা জানানোর অনুরোধ করা হলো।<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ বালিয়াডাঙ্গী জানান যে, সোলার লাইটের বিল প্রদান করার ২ মাস অতিবাহিত না হতেই সোলার লাইট জ্বলে না যে লাইটগুলো জ্বলে না তা চিহ্নিত করে ঠিকাদারকে তালিকা দিবেন এবং দ্রুত মেরামত করার ব্যবস্থা নিবেন। | | ১. ইউডিএফ<br>২. মমতাজুর, উপ-সহকারি প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **উপজেলা ১৭ কমিটির সভা সংক্রান্ত :** ইউডিএফ সভায় জানান যে, সকল স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয় ও সদস্য সচিবগণের দৃষ্টি আর্কষন করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে মাসিক সভায় অবহিত করার জন্য বলা হলো। | ১.ইউডিএফ<br>২. ভাইস চেয়ারম্যান |
| ২৬ | **চেয়ারম্যান চাড়োল ইউপি** সভায় জানান যে, চাড়োল ইউনিয়ন পরিষদের তথা বালিয়াডাঙ্গী উপজেলার একটি সুনামধন্য লাহিড়ীহাট এই হাটের বেহাল দশা। বর্ষা মৌসুমে হাটে পানি জমে থাকে পানি নিষ্কাশনের ব্যবস্থা নেই। জরুরী ভিত্তিতে ড্রেনগুলো পরিস্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। গ্রামের কাচা রাস্তাগুলোতে রাবিশ সরবরাহ করা প্রয়োজন।<br>**চেয়ারম্যান ধনতলা ইউপি** জানান যে, লাহিড়ী কমিউনিটি ক্লিনিকে ৩০শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল করা হউক। ৩টি ইউনিয়নের মানুষের স্বাস্থ্যসেবার মান বাড়বে এবং মানুষ সহজে সেবা পাবে। গ্রামের কাচা রাস্তাগুলোতে রাবিশ সরবরাহ করা প্রয়োজন।<br>**চেয়ারম্যান, ৮নং বড়বাড়ি ইউপি** সভায় জানান যে, ডাঙ্গী বাজার হতে আধারদিঘী যাওয়ার রাস্তায় ডাঙ্গী বাজারের পশ্চিমপার্শ্বের বড়ব্রীজটির মাঝখানে ফাটল ধরেছে এবং কিছু অংশ ভেঙ্গে গেছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। গ্রামের কাচা রাস্তাগুলোতে রাবিশ সরবরাহ করা প্রয়োজন।<br>চেয়ারম্যান ৫নং দুওসুও জানান যে, পরিষদের উন্নয়ণমুলক কাজ করতে গেলে বিভিন্ন বাধে আসে এবং তাকে বিভিন্ন রকমের ঝামেলাই পড়তে হয়। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, নভেম্বর ২০১৪ এর আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রতি ইউনিয়নে ১,০০,০০০/-টাকার মধ্যে রাবিশ সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো। | | |
| ২৭ | **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল :** উপজেলা পরিষদের অন্যান্য ব্যয় সমূহ নিম্নরুপ; | | |
| ২৮ | বিবিধ: বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার আরও জানান যে. উপজেলা পরিষদের ০৪ (চার) জন নিয়মিত কর্মচারী যথাক্রমে মো: মোজাম্মেল হক, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, জনাব জয়দেব সিংহ, গাড়ি চালক ও জনাব মো: লাবলু হক অফিস সহায়ক এবংজনাব মো: বাবুল হোসেন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও তারা উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এর (৮ম অধ্যায়) বিধি ৪৬-৪৯ অনুসরন পূর্বক উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের যোগদানের সাথে সাথে প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব নম্বর খোলা ও বিধি ৪৭ এর ২ ধারা মতে উপজেলা পরিষদের নিকট বকেয়া পাওনা পরিশোধের জন্য আবেদন করেছেন এবং বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ০৩/০৩/২০২০ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.১৫৭.২০-৩১৮ নং স্মারকপত্র ও উপজেলা-১ শাখা হতে গত ২৪/০৯/২০২০ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.১৫৭.২০-৭৩৬ নং স্মারকপত্র এবং উপজেলা-১ শাখা হতে গত ২৭/০৮/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.১৫৭.২০-৪৬০ নং স্মারকপত্র মোতাবেক মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। তিনি ০৪ (চার) জন কর্মচারীর প্রদেয় ভবিষ্য তহবিল খোলা ও বকেয়া পাওনা পরিশোধ সংক্রান্ত আবেদন ও স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপণ করেন।<br><br>সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এর (৮ম অধ্যায়) বিধি ৪৬-৪৯ অনুসরন পূর্বক এবং স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উক্ত ০৪(চার) জনকর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব স্ব কর্মচারীর জন্য প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়া উক্ত হিসাবস্ব-স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে মর্মে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।এবং বকেয়া পাওনা টাকা উক্ত তহবিলে জমা প্রদানের লক্ষে পরিশোধ করা যাবে কিনা এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

মাননীয় জাতীয় সংসদ সদস্য ৪ ঠাকুরগাঁও-২ ১) উপজেলা প্রকৌশলীকে উদ্দেশ্য করে বলেন, সকল উন্নয়ন মুলক কাজের মান ভাল করতে হবে কাজের মান যেন খারাপ না হয় সে বিষয়ে সর্তক থাকার পরামর্শ দেন। ডাঙ্গী বাজারের ব্রীজের বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেন।

২) বালিয়াডাঙ্গী উপজেলার একটি সুনামধন্য লাহিড়ীহাট এই হাটটি দ্রুত মেরামতসহ ড্রেনগুলো পরিস্কার করার ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন।

৩) বালিয়াডাঙ্গী চৌরাস্তা বাজারের ড্রেনগুলো দ্রুত মেরামত ও পরিস্কার করার জন্য বলেন।

৪) লাহিড়ী বাজারে অবস্থিত লাহিড়ী কমিউনিটি ক্লিনিককে ৩০শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল তৈরীর বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের সাথে এ বিষয়ে আলোচনা করব।

৫) জাইকা প্রকল্প হতে সোলার লাইট স্থাপন করা হয়েছে এগুলো জলে না এ বিষয়ে উপজেলা প্রকৌশলী ঠিকাদারকে ডেকে মেরামত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৬) সকল দপ্তর প্রধানগণের উদ্দেশ্য বলতে চাই উপজেলা পরিষদকে বাদ দিয়ে কোন কিছু করা যাবে না যা কিছু করবেন উপজেলা পরিষদের সাথে সমন্বয় করে করবেন।

উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, প্রতিটি দপ্তরের উন্নয়নমুলক কাজসহ দাপ্তরিক কাজ চলমান রাখার পাশাপাশি অন্যান্য সকল উন্নয়নমুলক কাজে মনোনিবেশ হতে হবে। কারণ সরকারের যে উদেশ্য তা যদি বাস্তবায়ন না হয় তাহলে এর দায়ভার সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে নিতে হবে।

সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, মানুষ যাতে করে সেবা নিতে এসে ভোগান্তির স্বীকার না হয় সে ব্যাপারে সকল দপ্তর প্রধানগণকে সেবা নিশ্চিত করার জন্য বলেন। সকলের সহযোগিতায় বালিয়াডাঙ্গী উপজেলার যে সকল সমস্যা রয়েছে তা সমাধানের চেষ্টা করার পরামর্শ দেন।

সভার সভাপতি উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভায় আর কোন আলোচনা না সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ১০/০৭/২০২৪খ্রি:।

(মো: সফিকুল ইসলাম )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
www.baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০৮.২০২৪- ৭১৪ তারিখ: ১০/০৭/২০২৪খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪ ঠাকুরগাও-২, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাও।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৭-১৭। উপজেলা.............................................................................................কর্মকর্তা,বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
১৮-২৫। চেয়ারম্যান.............................................................................. ইউপি (সকল),বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
২৬। অফিস নথি।

১০.৭.২০২৪

মোছা: আফছানা কাওছার
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
ফোন:০২৫৮৯৯৩৩০০১
email.unobaliadangi@mopa.gov.bd